গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা

বিষয়: মধ্যমেয়াদী বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত রেলপথ মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়নের নিমিত্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মো: হুমায়ুন কবীর সচিব, রেলপথ মন্ত্রণালয়।
সভার তারিখ	০৮.০১.২০২৩
সভার সময়	১০:৩০ ঘটিকায়
স্থান	রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নম্বর-৯৩০, ৯ম তলা, রেলভবন, ঢাকা)
উপস্থিতি	পরিশিষ্ট-ক (সভাকক্ষে উপস্থিতি)

সভাপতি সভাকক্ষে এবং জুম প্লাটফরমে অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি চলমান ২০২২-২৩ অর্থবছরে রেলপথ মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থা/বাজেট ইউনিট/প্রকল্পওয়ারী প্রস্তাবিত সংশোধিত বাজেট যেমন- রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রা, পরিচালন ব্যয়ের সংশোধিত প্রাক্কলন এবং উন্নয়ন ব্যয়ের সংশোধিত প্রাক্কলন প্রভৃতি আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট)-কে অনুরোধ জানান।

০২। যুগ্মসচিব (বাজেট) সভায় অবহিত করেন যে, সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অর্থবিভাগ কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্রের অনুশাসন অনুযায়ী রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত প্রাক্কলন (ফরম-১),পরিচালন ব্যয়ের সংশোধিত প্রাক্কলন(ফরম-২), উন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত স্কিমের সংশোধিত প্রাক্কলন (ফরম-৩), সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ কর্মসূচি ও কারিগরি সহায়তা কর্মসূচি)/সংশোধিত উন্নয়ন বাজেট প্রণয়নের জন্য ফরম-৪ ও ফরম-৫ (কেবল খাদ্য সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) এবং ফরম-৬ (উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ) যথাযথ পূরণপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পরীক্ষা ও অনুমোদনক্রমে ০৫ জানুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণের নির্দেশনা রয়েছে। তিনি আরও জানান যে, অর্থবিভাগ কর্তৃক জারীকৃত বাজেট পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক চূড়ান্তকরণের লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ, রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং বাংলাদেশ রেলওয়ে ও অধীনস্থ সকল বাজেট ইউনিটের সংশোধিত বাজেট প্রাক্কলন ২৮/১২/২০২৩ তারিখের মধ্যে IBAS++ সিস্টেমে এন্ট্রি প্রদানসহ এ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণের জন্য বাজেট অধিশাখা হতে অনুরোধ জানানো হয়েছিল। তৎপরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট/প্রকল্পের নির্ধারিত ছক মোতাবেক সংশোধিত বাজেট প্রস্তাব IBAS++ সিস্টেমে এন্ট্রি সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট কর্তৃক প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এ সভার আলোচ্যসূচি সমূহের সার-সংক্ষেপ প্রস্তুত করা হয়েছে। অতঃপর সভার আলোচ্যসূচিসমূহ তিনি নিম্নরূপভাবে উপস্থাপন করেনঃ

০৩। আলোচ্যসূচি-২ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জন্য রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত বাজেট প্রাক্কলনের সার-সংক্ষেপ নিম্নের ছকে উপস্থাপন করা হয়ঃ

আলোচ্যসূচি ২: রাজস্ব ও মূলধনপ্রাপ্তিরসংশোধিতলক্ষ্যমাত্রারপ্রস্তাব (অংকসমূহ হাজার টাকায়)

অধিদপ্তর/পরিদপ্তর /সংস্থা	বাজেট	সংশোধিত বাজেট প্রস্তাব	১ম ০৫ (পাঁচ) মাসের রাজস্ব প্রাপ্তি হাজার টাকায়(%)
	২০২২-২৩		
সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় ০১	৭,০০	৭,০০	১০,৯১,০৮
মোট (সচিবালয়, রেলপথ মন্ত্রণালয়)=	৭,০০	৭,০০	১০,৯১,০৮ (বাংলাদেশ রেলওয়ের মালামাল পরিবহন আয় সচিবালয় খাতে যুক্ত হয়েছে)
মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে (কেন্দ্রীয় অঞ্চল)	২,০৫,৪০	১,৩০,৫৫	৫৪,৭১ (২৬.৬৪%)

জেনারেল ম্যানেজার (পূর্ব) এর কার্যালয়সমূহ, বাংলাদেশ রেলওয়ে	০.০০ (১৩৯৬,২১,৬৪)	**৯৮৮,৫৮,০০**	**৪১১,৯১,০০ (২৯%)**
জেনারেল ম্যানেজার (পশ্চিম) এর কার্যালয়সমূহ, বাংলাদেশ রেলওয়ে	১৩৭৮,০৫,৯৬	**১৩৭৮,০৫,৯৬**	**২৬৭,৫৫,০০(১৯.৪১%)**
মোট (বাংলাদেশ রেলওয়ে)=	**১৩৮০,১১,৩৬ (২৭৭৬,৩৩,০০)**	**২৩৬৭,৯৪,৫১**	**৬৮০,০০,৭১(৪৯.২৭%) (রেলওয়ের পূর্বাঞ্চলের লক্ষ্যমাত্রাকে বিবেচনায় নিলে অর্জিত লক্ষ্যমাত্রা ২৪.৪৯%)**
সর্বমোট=	**১৩৮০,১৮,৩৬ (২৭৭৬,৪০,০০)**	**২৩৬৮,০১,৫১**	**৬৯০,৯১,৭৯ (৫০.০৬%) (রেলওয়ের পূর্বাঞ্চলের লক্ষ্যমাত্রাকে বিবেচনায় নিলে অর্জিত লক্ষ্যমাত্রা ২৪.৮৮%)**

০৪। সভায় জানানো হয় যে, ২০২২-২৩ অর্থবছরে রেলপথ মন্ত্রণালয়ের জন্য রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ছিল ২৭৭৬.৪০ কোটি টাকা। রেলপথ মন্ত্রণালয়ের সচিবালয়, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক (কেন্দ্রীয় অঞ্চল), জেনারেল ম্যানেজার (পূর্ব ও পশ্চিম) এর কার্যালয়সমূহ শীর্ষক সর্বমোট ০৪টি বাজেট ইউনিটে ২০২২-২৩ অর্থবছরের জন্য লক্ষ্যমাত্রা বিভাজন করা হলেও জেনারেল ম্যানেজার (পূর্ব) এর কার্যালয়সমূহের বাজেট প্রাক্কলন আইবাস$^{++}$ সিস্টেমে নির্ধারিত সময়ের মধ্যে এন্ট্রি দিতে না পারায় বাজেট বহিতে জেনারেল ম্যানেজার (পূর্ব) এর কার্যালয়সমূহ-এর লক্ষ্যমাত্রা শূন্য হয়ে যায়। ফলে বিষয়টি সংশোধনক্রমে বিগত ৫ মাসের প্রকৃত আয় বিবেচনায় জেনারেল ম্যানেজার (পূর্ব) এর কার্যালয়সমূহের সংশোধিত বাজেটে ৯৮৮.৫৮ কোটি টাকার প্রস্তাব করা হয়েছে। রেলপথ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত সর্বমোট লক্ষ্যমাত্রা ২৭৭৬.৪০ কোটি টাকার বিপরীতে সংশোধিত লক্ষ্যমাত্রা হিসেবে ২৩৬৮.০১ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে।

০৫। সভাপতি ২০২২-২৩ অর্থবছরের জন্য প্রকৃত লক্ষ্যমাত্রার তুলনায় প্রথম ৫(পাঁচ) মাসের প্রকৃত রাজস্ব প্রাপ্তি কম হওয়ায় (মাত্র ২৪.৮৮%) অসন্তোষ প্রকাশ করেন এবং রেলওয়ের রাজস্ব প্রাপ্তি বাড়ানোর লক্ষ্যে বাজেট ইউনিট ভিত্তিক বিভিন্ন খাতে প্রাপ্ত রাজস্ব প্রাপ্তির অগ্রগতি পর্যালোচনাপূর্বক সময়মত হিসাবরক্ষণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিটের সমন্বয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠানের জন্য নির্দেশনা পরামর্শ প্রদান করেন। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করে জানান যে, আইবাস$^{++}$ সিস্টেমের সমস্যার কারণে অনেক ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে হিসাবরক্ষণ করা যাচ্ছে না। ফলে প্রকৃত রাজস্ব প্রাপ্তি প্রতিবেদনে উল্লেখিত রাজস্ব প্রাপ্তির চেয়েও বেশী হবে। বাংলাদেশ রেলওয়ের রাজস্ব প্রাপ্তির হিসাবরক্ষণ আইবাস++ সিষ্টেম পুরোপুরি কার্যকর করা গেলে রাজস্ব প্রাপ্তির প্রকৃত তথ্য যথাসময়ে পাওয়া যাবে। সভাপতি রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রাক্কলণ চূড়ান্তকরণের লক্ষ্যে অর্থবিভাগে অনুষ্ঠেয় সভায় প্রয়োজনীয় যৌক্তিকতা ও তথ্য-উপাত্ত উপস্থাপন করার জন্য বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন এবং অর্থবছরের অবশিষ্ট সময়ে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে আরো কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে-কে অনুরোধ জানান।

০৬। আলোচ্যসূচি-৩ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জন্য পরিচালন বাজেটের সংশোধিত প্রাক্কলনের সার-সংক্ষেপ নিম্নের ছকে উপস্থাপন করা হয়ঃ

সংশোধিত পরিচালন ব্যয় প্রস্তাব (অংকসমূহ হাজার টাকায়)

অধিদপ্তর/পরিদপ্তর /সংস্থা	বাজেট	সংশোধিত বাজেট প্রস্তাব	১ম ০৫ (পাঁচ) মাসের প্রকৃত ব্যয়
	২০২২-২৩		
০১	০২	০৩	০৪
সচিবালয়	**৪৭,৯০,৬০ (থোক বরাদ্দ ২৯,০৩,৬০)**	**১৭,৬২,০০**	**৩,৮৯,৬৫(২০.৬৩%)**
রেলপথ পরিদর্শন অধিদপ্তর	**৮৩,৭০**	**৫৯,১৭**	**৩,৮৬(০৭.৩৩%)**
মোট সচিবালয়=	**৪৮,৭৪,৩০**	**১৮,২১,১৭**	**৩,৯৩,৫১ (১৯.৯৭%)**
বাংলাদেশ রেলওয়ে	**৩৮৬৬,৩৫,৭০**	**৩৮৩৮,২৯,৫৬**	**১৩৫২,৯৫,২০(৩৪.৯৯%)**
সর্বমোট=	**৩৯১৫,১০,০০**	**৩৮৭৪,১২,৭৩**	**১৩৫৬,৮৪,৮৫(৩৪.৬৬%)**

০৭। সভায় জানানো হয় যে, ২০২২-২৩ অর্থবছরে রেলপথ মন্ত্রণালয়ের ১১৯টি পরিচালন বাজেট ইউনিটের পরিচালন ব্যয় সীমা ৩৯১৫.১০ কোটি টাকার স্থলে মাত্র ৪০.৯৭ কোটি টাকা হ্রাস করে ৩৮৭৪.১৩ কোটি টাকা সংশোধিত পরিচালন ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। অর্থবিভাগের প্রতিনিধি যুগ্মসচিব (বাজেট-৫) সভাপতির দৃষ্টি আকর্ষণ করে জানান যে, ০৫/০১/২৩ তারিখে আইবাস++ সিষ্টেমে সংশোধিত বাজেট প্রাক্কলন এন্ট্রি দেওয়ার শেষ সময় ছিল এবং ঐ তারিখের আইবাস সিস্টেমের প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশ রেলওয়ের সংশোধিত প্রাক্কলনে প্রায় ৬৮.০০ কোটি টাকা কম এন্ট্রি করা হয়েছে। কোন বাজেট ইউনিটের কোন খাত/খাতসমূহে এন্ট্রি কম দেওয়া হয়েছে তা অর্থবিভাগের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট বাজেট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন।

০৮। আলোচ্যসূচি-৪ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জন্য উন্নয়ন বাজেটের সংশোধিত প্রাক্কলনের সার-সংক্ষেপ নিম্নের ছকে উপস্থাপন করা হয়ঃ

সংশোধিত উন্নয়ন ব্যয় প্রস্তাব (কোটি টাকায়)							
অধিদপ্তর/পরিদপ্তর /সংস্থা	উন্নয়ন বাজেট		সংশোধিত উন্নয়ন ব্যয় প্রাক্কলন				ডিসেম্বর /২২ পর্যন্ত প্রকৃত ব্যয় ও (%)
	২০২২-২৩						
	জিওবি	পিএ	মোট	জিওবি	পিএ	মোট	
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮
সচিবালয় অংশ	**৪২.৪৬**	**০.০০**	**৪২.৪৬**	**০**	**০**	**০**	**মোট= ৩৭৬১.৩৭ (২৫.২৭%) পিএ=২৬০৭.২৭ (২৪.১১%) জিওবি=১১৫৪.১০ (২৮.৩৬%)**

০৯। সভায় জানানো হয় যে, ২০২২-২৩ অর্থবছরের উন্নয়ন বাজেটে ৩৬টি প্রকল্প (বিনিয়োগ প্রকল্প-৩১টি+ কারিগরী সহায়তা প্রকল্প ০৫টি)বাস্তবায়নের লক্ষ্যে সচিবালয় খাতে থোক (জিওবি) হিসেবে ৪২.৪৬ কোটি টাকাসহ (১৪৯২৮.৬৬ কোটি টাকা (জিওবি ৪১১২.৫৯ কোটি টাকা+১০,৮১৬.০৭ কোটি টাকা) ধার্য্য আছে। কিন্তু সামষ্ঠিক হিসাবে রেলপথ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের সংশোধিত প্রাক্কলনে ২,৩৩১.৪১ কোটি টাকা কমিয়ে ১২,৫৯৭.২৫ কোটি টাকা (জিওবি= ৩৯৪৫.৬৫ কোটি টাকা+পিএ=৮৬৫১.৬০) প্রস্তাব করা হয়েছে। সভায় আরো জানানো হয় যে, ডিসেম্বর/২০২২ পর্যন্ত আর্থিক অগ্রগতি মোটের উপর ২৫.২৭%।

১০। সভাপতি বর্তমান অর্থবছরের অবশিষ্ট সময়ে রেলপথ মন্ত্রণালয়,রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট/ প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং সংশোধিত ব্যয়সীমা (পরিচালন ও উন্নয়ন) অর্জনে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে আরো তৎপর হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

সিদ্ধান্ত-কঃ রেলপথ মন্ত্রণালয়ের সকল বাজেট ইউনিট/প্রকল্প কর্তৃক প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রাক্কলন এবং ব্যয়সীমার (পরিচালন বাজেট ও উন্নয়ন) সংশোধিত প্রাক্কলন অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ যুগ্মসচিব(বাজেট) রেলপথ মন্ত্রণালয়।

সিদ্ধান্ত-খঃ বাংলাদেশ রেলওয়ের বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম আরো দক্ষ ও ফলপ্রসু করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের কেন্দ্রীয় অঞ্চল, পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের কার্যালয়সমূহ ভুক্ত সকল বাজেট কর্মকর্তাদের সমন্বয়ে প্রতিমাসে পৃথকভাবে সভা অনুষ্ঠান করতে হবে।
বাস্তবায়নেঃ অতিরিক্ত মহাপরিচালক (অর্থ),বাংলাদেশ রেলওয়ে এবং জেনারেল ম্যানেজার (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।

সিদ্ধান্ত-গঃ বাংলাদেশ রেলওয়ের পরিচালন বাজেটের সংশোধিত প্রস্তাবে আইবাস++ সিস্টেমে ৬৮.০০ কোটি টাকা (প্রায়) এন্ট্রি না হওয়ার বিষয়টি যাচাইক্রমে অর্থবিভাগের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নেঃ উপপরিচালক (অর্থ/বাজেট),বাংলাদেশ রেলওয়ে।

১১। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মো: হুমায়ুন কবীর
সচিব, রেলপথ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৩.১২.০২৮.২২.১০

তারিখ: ২৫ পৌষ ১৪২৯
০৯ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা।
২) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
৩) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৫) যুগ্ম সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৬) যুগ্ম-সচিব, বাজেট-৫ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৮) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৯) উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা/উন্নয়ন-১ ও ২ শাখা), রেলপথ মন্ত্রণালয়
১০) উপসচিব, নরডিক অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা।

১১) উপপ্রধান (উপসচিব), রেল পরিবহন উইং, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।

১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়

১৩) চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।

১৪) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, প্রধান পরিকল্পনা কর্মকর্তার দপ্তর, বাংলাদেশ রেলওয়ে

১৫) সহকারী সচিব (বাজেট-১ ও ২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১৬) উপপরিচালক (অর্থ/বাজেট), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

মোঃ আব্দুল খালেক মিঞা
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ
বাজেট-২ শাখা
www.mor.gov.bd

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সংশোধিত বাজেট পরিপত্র অনুসরণে মধ্যমেয়াদী বাজেট কাঠামো পদ্ধতির আওতাভূক্ত রেলপথ মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তরসমূহের ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (রাজস্ব ও মূলধন প্রাপ্তি, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়) অনুমোদনের জন্য বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে **আগামী ০৮/০১/২০২৩ তারিখ রবিবার সকাল ১০.৩০ টায়** রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ মন্ত্রণালয়ের সভাকক্ষে (৯ম তলা, কক্ষ নং- ৯৩০) অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা বিবরণী।

ক্র: নং	নাম ও পদবি	মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা	মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর	স্বাক্ষর
০১।	মো: আমিরুল আহসান মহাপরিচালক	বাংলাদেশ রেলওয়ে		০৮/১/২০২৩
০২।	মো: লুৎফর রহমান অতিরিক্ত সচিব	রেলপথ মন্ত্রণালয়	01552306008	০৮/০১/২৩
০৩।	মোহাম্মদ শাহজাহান সিদ্দিকী যুগ্মসচিব	"	01711959740	০৮/০১/২৩
০৪।	মোঃ সাকিল উজ্জামান খন্দকার যুগ্মসচিব	"		
০৫।	আ.ম.ম আশরাফুল আলম যুগ্মসচিব	রেলপথ মন্ত্রণালয়		
০৬।	শাহ ইমাম আলী রেজা যুগ্মসচিব	রেলপথ মন্ত্রণালয়		০৮/১/২৩
০৭।	মোহাম্মদ মাহফুজুল হোসেন SSA	"		
০৮।	মো: আলী কবীর উপসচিব	রেলপথ মন্ত্রণালয়	01711622626	
০৯।	এ.এইচ.এম. শামসুর রহমান এডিসি (অব) অ: দা:	বাংলাদেশ রেলওয়ে	01716777777	
১০।	বেনু রঞ্জন সরকার সিওসিটি (Chief Accounts)	বাংলাদেশ রেলওয়ে	01709999091	
১১।	এস.এম. সলিমুল্লাহ তরফদার CPO	BR	01711506148	
১২।	মোঃ রেজাউল করিম Addl. CPLD	BR	01711691023	
১৩।	মো: কামাল হোসেন DD (Budget)	BR	01711692953	০৮/০১/২৩
১৪।	মো: আবু হানিফ পাটোয়ারী AO/CWBR	BR	01711-692982	08.01.23

ক্র: নং	নাম ও পদবি	মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা	মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর	স্বাক্ষর
১৫।	মোঃ আবুল খালেক মিস্ত্রি সহকারী সচিব	MOR	01552387347	৮/১/২০২৬
১৬।	মোঃ দুলাল মিয়া সহকারী সচিব	MOR	01755500487	৮/১/২০২৬
১৭।	মোঃ জাহিদুল ইসলাম সহকারী সচিব	MOR	01711373043	৮/১/২৬
১৮।				
১৯।				
২০।				
২১।				
২২।				
২৩।				
২৪।				
২৫।				
২৬।				
২৭।				
২৮।				
২৯।				
৩০।				